ঝিনাইদহে প্রতিবন্ধী শিশুদের ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

কোভিডোত্তর বিশ্বের টেকসই উন্নয়ন, প্রতিবন্ধী ব্যক্তির নেতৃত্ব ও অংশগ্রহণ’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে প্রতিবন্ধী শিশু ও অভিভাবকদের নিয়ে ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।
শহরের ধোপাঘাটা ব্রীজ এলাকায় এ ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করেন এইড ফাউন্ডেশনের এসইএস-ডিসিবি প্রকল্প। জাতীয় ও আর্ন্তজাতিক প্রতিবন্ধী দিবস উপলক্ষে আয়োজিত এ প্রতিযোগিতায় শহরের বিভিন্ন স্থান থেকে আসা শিশু ও তাদের অভিভাবকরা অংশ নেয়।

খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা তরিকুল ইসলাম এইড ফাউন্ডেশন;র প্রতিবন্ধী শিশু পুনর্বাসন কর্মসূচির সহকারি পরিচালক সুরাইয়া পারভীনসহ অন্যান্যরা।

গাংনী ধানখোলা সড়ক যেন মরণ ফাঁদ

গাংনী উপজেলার ধানখোলা সড়কের তিন কিলোমিটার রাস্তা যেন পথচারিদের মরণ ফাঁদ। কয়েকদিনের ফোটা বুষ্টিতে কাদাযুক্ত হয়ে পড়ায় রাস্তায় ঘটছে প্রতিনিত দুর্ঘটনা। সড়কের দু’পাশে ইট ভাটায় মাটি বহন করার ফলেই রাস্তার এ দশা বলে অভিযোগ করেন স্থানীয়রা। তবে বিষয়টি দেখে ব্যাবস্থা নেয়ার কথা জানালেন প্রশাসন।

জানাগেছে, গাংনী উপজেলার ধানখোলা সড়কের পাশে রয়েছে তিনটি ইটভাটা। এগুলো হচ্ছে-পান্না ব্রিকস,দোয়েল ব্রিকস ও আস্থা

ব্রিকস। এসব ইটভাটায় ব্যাবহৃত হয় কৃষি জমির মাটি। এসব মাটি বহনের ফলে রাস্তায় মাটি পড়ে। এর উপরে সামান্য বৃষ্টি হওয়ায় পিচ্ছিল হয়ে জনদুর্ভোগ সৃষ্টি করছে। গত দু দিনে দুর্ঘটনায় অন্তত ১০ পথচারি আহত হয়েছেন বলেও অভিযোগ রয়েছে। গেল বছরেও এই তিন ইট ভাটাসহ অন্যান্য ইটভাটায় মাটি বহনের ফলে এ রাস্তা ছাড়াও অন্যান্য সড়ক গুলো মরণ ফাঁদে পরনিত হয়। বিভিন্ন সময়ে যান বাহন দুর্ঘটনায় পতিত হওয়ার পর প্রশাসনের দৃষ্টি আকর্শন করা হলে কোনো ব্যাবস্থা নেয়া হয়না। এবারও একই ঘটনা ঘটেছে। উপজেলা প্রশাসনের কাছে অভিযোগ দেয়ার পর শুধুমাত্র পান্না ব্রিকস এর সত্বাধীকারি হাজি মহশিন আলীকে ডেকে কৈফিয়ত চাওয়া হয়। অন্যান্য ইটভাটার মালিকগন রয়েছে বহাল তবিয়তে। এব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানকে জানতে চাওয়া হলে তিনি ব্যাবস্থা নিচ্ছেন বলে জানিয়েছেন।

গাংনীর বাওট প্রতিবন্ধী শিশুর প্রতি দায়বদ্ধতা শীর্ষক অবিভাবক সমাবেশ

মেহেরপুরের গাংনীতে প্রতিবন্ধী শিশুর প্রতি পরিবারের দায়বদ্ধতা শীর্ষক অবিভাবক সমাবেশ করেছে বাওট বাধাগ্রস্থ্য শিশু বিদ্যালয়। আজ রবিবার বেলা ১২ টার দিকে বিদ্যালয় প্রাঙ্গনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিদ্যালয়টির সভাপতি আব্দুল গনির সভাপতিত্বে কোরআন তেলোওয়াতের মাধ্যমে আলোচনা সভার সুচনা হয়।
এ সময় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা সমাজ সেবা অধিদপ্তরের উপ পরিচালক কাজী কাদির মোহাম্মদ ফজলে রাব্বী। বিশেষ আলোচক জেলা প্রতিবন্ধী ফাউন্ডেশনের কর্মকর্তা তুলসি কুমার পাল, গাংনী উপজেলা সমাজ সেবা কর্মকর্তা কাজী মুনসুর আলম, সংসদ সদস্য প্রতিনিধি মনিরুজ্জামান আতু,বিদ্যালয়টির প্রতিষ্ঠাতা ও সিআরসি পরিচালক এনামুল হক, মটমুড়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আবুল হাশেম প্রমুখ।
আলোচনা সভায় বক্তারা বলেন, বাধাগ্রস্থ্য শিশুরা দেশ, সমাজ বা পরিবারের অভিশাপ নয়। প্রশিক্ষণের মাধ্যমে তাদেরকে সম্পদ হিসেবে

গড়ে তুলতে হবে। এক দিকে বাধাগ্রস্থ বিদ্যালয়ের শিক্ষকরা যেমন দায়িত্ব পালন করছে, পাশাপাশি বাধাগ্রস্থ শিশুদের প্রতি পরিবারের অন্যান্ন সদস্যদের সহশীল আচরণ করতে হবে। তাদেরকে সম্পদ হিসেবে গড়ে তুলতে সবাইকে সম্মিলিত ভাবে এগিয়ে আসতে হবে। বলে জানান বক্তারা।

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মতবিনিময় সভা

মেহেরপুরের মুজিবনগরে, বিদেশে প্রশিক্ষিত ও দক্ষ জনশক্তি রপ্তানি সহজতর করতে, বাংলাদেশ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) অধীনে “উপজেলা পর্যায়ে ১০০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন” শীর্ষক প্রকল্পের সম্ভাব্যতা যাচাই সমীক্ষার জন্য মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল সাড়ে ১১ টার দিকে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এর সহযোগিতায় উপজেলা পরিষদ হলরুমে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার সুজন সরকারের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি জিয়াউদ্দিন বিশ্বাস। উপস্থিত ছিলেন বাংলাদেশ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর ফিল্ড রিসার্চ শোয়েব আহমেদ উপস্থিত ছিলেন সহকারি ফিল্ড রিসার্চ সোহরাব হোসেন, মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এস আই মসিউর রহমান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু, বীর মুক্তিযোদ্ধা লুৎফর রহমান। এছাড়া উপস্থিত ছিলেন বিদেশ ফেরত ব্যক্তিবর্গ, বিদেশ গমনেচ্ছু ব্যক্তিবর্গ, সাংবাদিক এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

[redacted]

[redacted]

দেশীয় অস্ত্রসহ ঝিনাইদহে ৫জন গ্রেফতার

ঝিনাইদহে দেশীয় অস্ত্রসহ ৫ জনকে গ্রেফতার করেছে পুলিশ। শুক্রবার রাতে সদর উপজেলার হরিশংকরপুর ইউনিয়নের পোড়াবাকড়ি গ্রাম থেকে তাদের গ্রেফতার করা হয়।
গ্রেফতারকৃতরা হলো-সদর উপজেলার নরহরিদ্রা গ্রামের মৃত রওশন শেখের ছেলে রিমন হোসেন (১৮), সুজন শেখ (২১), শমসের মোল্লার ছেলে ময়েন হোসেন (২০), মনিরুল ইসলামের ছেলে সবুজ হোসেন (২২) ও শৈলকুপা উপজেলার শেখরা গ্রামের বিকাশ বিশ্বাস (৩৫)।
ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে কিছু ব্যক্তি পোড়াবাকড়ি গ্রামে ডাকাতির প্রস্তুতি নিচ্ছে।

এমন সংবাদের ভিত্তিতে হরিশংকরপুর পুলিশ ফাঁড়ির এস আই ফারুক হোসেন সঙ্গীয় ফোর্স নিয়ে সেখানে অভিযান চালায়। সেসময় ৩ টি ধারালো অস্ত্রসহ ৪ জন ও পরে ১ জনকে আটক করা হয়।

এ ঘটনায় শনিবার সকালে এস আই ফারুক হোসেন বাদি হয়ে সদর থানায় ওই ৫ জনের নাম উল্লেখসহ অজ্ঞাতদের আসামী করে মামলা দায়ের করে ওই মামলায় গ্রেফতার দেখিয়ে আসামীদের আদালতে সোপর্দ করে।

হরিনাকুন্ডু উপজেলায় ৮ইউনিয়নেই নৌকার নতুন মুখ

ইউনিয়ন পরিষদের পঞ্চম ধাপের তফসিল অনুযায়ী ঝিনাইদহের হরিনাকুন্ডু উপজেলার ৮টি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে আগামী ৫ জানুয়ারি।

বাংলাদেশ আওয়ামী লীগের স্থানীয় সরকারের প্রার্থী মনোনয়ন বোর্ডের গত শুক্রবারের সভার সিদ্ধান্ত মোতাবেক বর্তমান কোন

চেয়ারম্যানকে মনোনয়ন দেওয়া হয়নি।

দলের সিদ্ধান্ত মোতাবেক চেয়ারম্যান পদে আওয়ামী লীগের নতুন যে ৮জন কে মনোনয়ন দেওয়া হয়েছে তারা হলেন, ১ নং ভায়না ইউনিয়নে নাজমুল হুদা তুষার, ২ নং জোড়াদহ ইউনিয়নে জাহিদুল ইসলাম (বাবু মিয়া), ৩ নং তাহেরহুদা ইউনিয়নে আতিয়ার রহমান মুন্সি, ৪ নং দৌলতপুর ইউনিয়নে সেরেগুল ইসলাম।

৫ নং কাপাশাটিয়া ইউনিয়নে মশিউর রহমান জোয়ার্দার, ৬ নং ফলসি ইউনিয়নে নিমাই চাঁদ মন্ডল, ৭নং রঘুনাথপুর ইউনিয়নে আওয়ামী লীগ নেতা আব্দুল কাদের মাষ্টার ও ৮ নং চাঁদপুর ইউনিয়নে এ্যাড. আজিজুর রহমান।

হরিনাকুন্ডু উপজেলা নির্বাচন কর্মকর্তা নুর উল্লাহ জানান, পঞ্চম ধাপে হরিনাকুন্ডু উপজেলার ৮ইউনিয়নের মনোনয়ন পত্র জমাদানের শেষ তারিখ ৭ ডিসেম্বর, প্রার্থিতা যাচাই-বাছাই ৯ ডিসেম্বর, আপিল ১০ থেকে ১২ ডিসেম্বর। প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ ১৫ ডিসেম্বর, প্রতীক বরাদ্দ ১৭ ডিসেম্বর এবং ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে আগামী ৫ জানুয়ারি।

শৈলকুপায় এমজিএসপি প্রকল্পের কন্ডাক্টিং ওয়ার্কসপ অনুষ্ঠিত

ঝিনাইদহের শৈলকুপা পৌরসভাকে যানজট মুক্ত,পরিবেশ বান্ধব আলোকিত শহর ও স্বনির্ভর প্রতিষ্ঠানে রুপান্তরিত করতে বিশেষ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে উপজেলার পৌরসভা কার্যালয়ে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের আয়োজন করেন পৌর মেয়র কাজী আশরাফুল আজম ।

কর্মশালায় উপস্থিত ছিলেন প্রকল্পের টিম লিডার ডেইনেজ সুপার ভাইসার সুধীর কুমার সর্মা,সিনিয়র আর্কিটেক হেলাল উদ্দিন,মুরাদ হোসাইন খান,মো: মাহবুবুল রহমান,মো: সাইফুর রহমান,আউলাদ

হোসেন,আহমেদ আবু জায়েদ অমি সহ প্রকল্পের অন্যান্য সদস্যবৃন্দ। কর্মশালায় অংশগ্রহন করেন পৌর মেয়র কাজী আশরাফুল আজম,ভাইস চেয়ারম্যান জাহীদুন্নবী কালু, পৌরসভার সকল কমিশনার, সাংবাদিক,পৌরসভার কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

প্রশিক্ষনার্থীরা তিনটি দলে বিভক্ত হয়ে পৌরসভার সকল সমস্যা তুলে ধরেন ও এ থেকে পরিত্রানের উপায় সম্পর্কে সকলকে অবহিত করেন।

ঝিনাইদহে আন্তর্জাতিক ও জাতীয় প্রতিবন্ধী দিবস উদযাপন

কোভিডোত্তর বিশ্বের টেকসই উন্নয়ন, প্রতিবন্ধী ব্যক্তির নেতৃত্ব ও অংশগ্রহণ’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে আন্তর্জাতিক ও জাতীয় প্রতিবন্ধী দিবস পালিত হয়েছে।
জেলা প্রশাসন ও সমাজসেবা কার্যালয়ের আয়োজনে গতকাল শুক্রবার সকালে কালেক্টরেট চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি বিভিন্ন স্থান প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।
এতে অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা, সমাজসেবা কর্মকর্তা আব্দুল লতিফ শেখসহ প্রতিবন্ধী ব্যক্তিরা অংশ নেয়। পরে তাদের মাঝে হুইল চেয়ার ও সাদাছড়ি বিতরণ করা হয়।

বন্দুক বাহিনী গড়ে তুলেছিলেন শহীদ হারিস উদ্দীন

শ্রাবণের আকাশে কালো মেঘের ঘনঘটা, মাঝে মাঝে বিদ্যুৎস্ফূরণ। বর্বর পাকিস্তানি হানাদার বাহিনীর নিষ্ঠুর পৈশাচিক তাণ্ডবে সীমান্তবর্তী মেহেরপুর জেলার বামন্দী এলাকার গ্রামগুলি প্রায়